

দুদকের 'শততম গণশুনানি' অনুষ্ঠিত



আজ (০৮ আগস্ট, ২০১৮ খি:) ফরিদপুর জেলার বোয়ালমারী উপজেলা অডিটোরিয়ামে দুদকের আয়োজনে শততম গণশুনানি অনুষ্ঠিত হয়েছে। দুদক কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খান শততম গণশুনানিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

গণশুনানিতে প্রধান অতিথির বক্তব্যে ড. মোজাম্মেল বলেন, সংবিধান অনুসারে রাষ্ট্র এমন অবস্থাসৃষ্টির চেষ্টা করিবে, যেখানে সাধারণ নীতি হিসাবে কোনো ব্যক্তি অনুপার্জিত আয় ভোগ করিতে সমর্থ হইবেন না। কমিশন এই অনুচ্ছেদের আলোকেই দুর্নীতি দমন ও প্রতিরোধে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে বলে তিনি জানান।

তিনি বলেন, উন্নত রাষ্ট্র বিগির্মাণে দুর্নীতি সবচেয়ে বড় প্রতিবন্ধক। তাই, কমিশন সমাজ থেকে দুর্নীতি নির্মূলে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, গণশুনানির মাধ্যমে হয়রানি ও দুর্নীতিমুক্তভাবে সরকারি পরিষেবা প্রদান নিশ্চিত করা হবে। তিনি সরকারি কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন, জনগণকে সরকারি সেবা প্রদান করা আপনাদের রাষ্ট্রীয় দায়িত্ব। স্বচ্ছতা, জবাবদিহিতা ও আন্তরিকতার সাথে এ দায়িত্ব পালন করতে হবে। এ দায়িত্ব পালনে ন্যূনতম দুর্নীতি, হয়রানি কমিশন সহ্য করবে না। গণশুনানিতে উপজেলা প্রকৌশল অফিস, ভূমি অফিস, সমবায়, প্রাথমিক শিক্ষা, পল্লীবিদ্যুৎ সহ বিভিন্ন সরকারি অফিসের সেবা প্রাপ্তি নিয়ে স্থানীয় সাধারণ মানুষ ৩৭ টি অভিযোগ উপস্থাপন করেন। দুদক কমিশনার এ সকল অভিযোগ মনোযোগসহকারে শোনে এবং অধিকাংশ অভিযোগের সমাধান করার নির্দেশ দেন। প্রতিটি অভিযোগ পরবর্তীতে কমিশন থেকে মনিটরিং করা হবে বলে গণশুনানিতে জানান।